আলমডাঙ্গায় নকল স্যালাইন বিক্রির অপরাধে দুই প্রতিষ্ঠানকে জরিমানা

নকল ওরস্যালাইন বিক্রির অপরাধে দুই প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ রবিবার বিকেলে আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ও হাটবোয়ালিয়া এলাকায় অভিযান চালান জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সহল আহমেদ।

অভিযানে সার-কীটনাশক, মুদি দোকান, স্যালাইনসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করেন তিনি।

অভিযান সূত্রে জানা যায়, ভাংবাড়ীয়া এলাকায় মেসার্স মারিফুল স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিকালে এসএমসির ওরস্যালাইন এন-এর নকল স্যালাইন বিক্রয়ের প্রমাণ পাওয়া যায়। এসময় প্রায় ১ কার্টুন (৫০০ প্যাকেট) নকল স্যালাইন জব্দ করা হয়। এছাড়া অতিরিক্ত মূল্যে সার বিক্রয় ও সারের ক্রয়-বিক্রয় রসিদ সংরক্ষণ না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো. মারুফুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪১ ও ৪৫ ধারায় ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

পরবর্তীতে মারুফুলকে নিয়ে তার দেওয়া তথ্যমতে নকল ওরস্যালাইন-এর সাপ্লায়ার মেসার্স লিটন স্টোর নামক প্রতিষ্ঠানে অভিযান চালানো হয়। তবে প্রতিষ্ঠানটির মালিক লিটনুজ্জামান প্রথমে নকল স্যালাইন বিক্রয়ের বিষয়টি অস্বীকার করেন। পরে তার বাড়ি ও গোডাউন তল্লাশি করতে চাইলে এক পর্যায়ে তিনি নকল স্যালাইন বিক্রয়ের বিষয়টি স্বীকার করেন।

পরে তার দেওয়া তথ্যমতে তার বাড়ি থেকে ৬ কার্টুন (৩ হাজার প্যাকেট) নকল এসএমসির ওরস্যালাইন এন জব্দ করা হয়। নকল ভেজাল স্যালাইন বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটির মালিক লিটনুজ্জামানকে ৪১ ধারায় ২৫ হাজার টাকা জরিমানা করা হয় এবং জব্দ করা নকল স্যালাইন আগুনে পুড়িয়ে নষ্ট করা হয়।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, সবাইকে যথাযথভাবে আইন মেনে ব্যবসা পরিচালনা করতে হবে। প্রতিনিয়ত জেলার বিভিন্ন স্থানে এমন অভিযান অব্যাহত থাকবে।

এসময় কোনো পণ্য ক্রয়ের আগে ভালো করে যাচাই-বাছাই করে কেনার জন্য ভোক্তাদের অনুরোধ করেন। অভিযান পরিচালনায় সহযোগিতায় ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম।

আলমডাঙ্গায় পাইকপাড়া জনকল্যাণ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাময়িক বরখান্ত

আলমডাঙ্গার পাইকপাড়া জনকল্যাণ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলামকে সাময়িক বরখাস্ত করেছে ম্যানেজিং কমিটি। অবৈধ পদোন্নতি,বিনা রশিদে শিক্ষার্থীদের কাছ থেকে টাকা আদায়সহ নানা অভিযোগে ম্যানেজিং কমিটি এ সিদ্ধান্ত গ্রহণ করে।

বরখাস্তের চিঠিতে উল্লেখ করা হয়েছে, বর্তমান প্রধান শিক্ষক রফিকুল ইসলাম জুনিয়র শিক্ষক হতে অবৈধভাবে পদোন্নতি গ্রহণ পেয়েছেন। বিনা রশিদে শিক্ষার্থীদের কাছ থেকে টাকা আদায়। পেশাগত অসদাচরণ,বিশেষ করে বর্তমান ম্যানেজিং কমিটির সাথে অসদাচরণ,কমিটির নির্দেশনা অমান্য করা, কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই বিদ্যালয়ে অনুপস্থিত ও বহিঃ বাংলাদেশ ছুটি ছাড়াই ভারতে অবস্থান করা, কারণ দর্শানো পত্রের দাখিল না করা ইত্যাদি। এসব বিষয় তাকে গত ২০২২ সালের ৪ ডিসেম্বর, চলতি ২৪ সালের ১৩ এপ্রিল, ২৩ এপ্রিল ও ৫ মে কারণ দর্শানো পত্র প্রেরণ করা হলেও শুধু মাত্র ২৩ এপ্রিল কারণ দর্শানোর জবাব ৫ মে দাখিল করেন। ম্যানেজিং কমিটির কাছে এ জবাব সন্তোষজনক মনে না হওয়ায় পুনরায় জবাব দাখিল করার জন্য ৫ মে কারণ দর্শানে পত্র প্রেরণ করেন। কিন্তু এর কোন জবাব দেননি প্রধান শিক্ষক।

এ সংক্রান্ত বিষয়ে গত ১৩ মে বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি সভা দিন

ধার্য্য করলে প্রধান শিক্ষক ৪ দিনের মেডিকেল ছুটির দরখাস্ত দিয়ে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিদ্যালয়ে অনুপস্থিত থাকেন। এমতাবস্থায় গত ১৩ মে ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ১৬ মে থেকে প্রধান শিক্ষক রফিকুল ইসলামকে তার পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে ২২ মে’র মধ্যে প্রধান শিক্ষকের সকল ক্ষমতা ও দ্বায়িত্ব ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নিকট বুঝিয়ে দেওয়ার জন্য বলা হয়েছে।

দামুড়হুদা ক্রীড়া সংগঠকের পক্ষ থেকে নবাগত উপজেলা চেয়ারম্যানকে ফুলেল শুভেচ্ছা

দামুড়হুদা উপজেলা নবাগত চেয়ারম্যান আলি মুনছুর বাবুকে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংগঠন। আজ বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে উপজেলা নবাগত চেয়ারম্যানের বাসভবনে এই শুভেচ্ছা জানানো হয়।

জানাযায়, আসন্ন উপজেলা নির্বাচনে আনারস প্রতীক নিয়ে বিপুল ভোটে নবনির্বাচিত চেয়ারম্যান হয় আলি মুনছুর বাবু। সেই আলোকে নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যানকে ফুলেল শুভেচ্ছা জানান দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংগঠক।এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সিনিয়র ক্রীড়া সংগঠক ইউসুফ আলি,ক্রীড়া সংস্থার সদস্য শহীদ আজম সদু,নওশাদ আলি, দামুড়হুদা দাখিল মাদ্রাসার শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান, ক্রীড়া সংগঠক জাকির হোসেন, শিপন,নুরুল, সিহাব রানা,ইসমাইল, আশিক হাসান,টুটুলসহ অনেকে।

আলমডাঙ্গায় মোটর সাইকেল প্রতিকের প্রার্থী মঞ্জিলুর রহমানের গণসংযোগ

আলমডাঙ্গা উপজেলা পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের সমর্থিত মোটর সাইকেল প্রতিকের চেয়ারম্যান প্রার্থী সাবেক ছাত্রলীগ নেতা ঢাকার বিশিষ্ট ব্যবসায়ী হারদী গ্রামের কৃতি সন্তান কে,এম মঞ্জিলুর রহমান ব্যাপক গণসংযোগ ও বিভিন্ন পথসভায় বক্তব্য প্রদান করেছেন।

তিনি আজ বৃহস্পতিবার সন্ধ্যায় পৌর সভার ১ নং ওয়ার্ডে স্টেশন পাড়ায় ছাত্রলীগের এক পথসভা, বন্ডবিলে হাজরা তলায় পথসভা করেন। এর আগে বাড়াদি ইউনিয়নের বিভিন্ন গ্রামে গণ সংযোগ করেন।

এসব পথসভায় প্রার্থী কে,এম মঞ্জিলুর রহমান বলেন,আমি মোটর সাইকেল প্রতিক নিয়ে নির্বাচনে অংশ গ্রহণ করছি। আমি উপজেলা আওয়ামীলীগের সমর্থিত প্রার্থী। আমার সাথে দলের সকল নেতা কর্মি ভোটের মাঠে কাজ করছেন। গণসংযোগ করতে এসে আমি যে সাড়া পেয়েছি তাতে সত্যি আমি মুগ্ধ। আশা করি ২১ মের নির্বাচনে আমার মোটর সাইকেল প্রতিক বিপুল ভোটে বিজয়ী হবে। ইতিপূর্বে যারা চেয়ারম্যান নির্বাচিত হয়েছে তারা কেউই আপনাদের খোঁজ খবর রাখেননি। আমি কথা দিচ্ছি যদি নির্বাচনে বিজয়ী হই,তাহলে আমি আপনাদের সাথেই থাকবো। নির্বাচনে আর কয়েকটি দিন বাকি আছে,আপনারা এই কয়টা দিন একটু সজাগ থাকবেন। ভোটের দিন সকাল সকাল মোটর সাইকেল মার্কায় ভোট দিবেন। ভোটের রেজাল্ট সিট নিয়ে বাড়ি ফিরবেন।

স্টেশনপড়ার পথসভায় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছা,সাথারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন,উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি আলহাজ লিয়াকত আলী লিপু মোল্লা, সাবেক পৌর সেক্রেটারী সিরাজুল ইসলাম,পৌর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, সাবেক উপজেলা আওয়ামীলীগের উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন,কাউন্সিলর আব্দুল গাফ্ফার,সাবেক ছাত্রলীগ নেতা নেসার আহম্মেদ প্রিন্স,সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল হক, পাপন রহমান, যুবলীগ নেতা মনিরুজ্জামান,ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন বাদসা,রকি,সাকিব, সিহাব, শুভ প্রমুখ।

এছাড়াও বন্ডবিল গ্রামের পথসভায় উপস্থিত ছিলেন, আমিনুল ইসলাম অপু মোল্লা,শহিদ মোল্লা। অনুষ্ঠানটি পরিচালনা করেন হাসানুজ্জামান হাসান।

চুয়াডাঙ্গায় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার সমাপনী পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি’ প্রতিপাদ্যে চুয়াডাঙ্গায় দুইদিনব্যাপী ৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা ও ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড-২০২৪ এর সমাপনী ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুর দুইটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সাহিত্য মঞ্চে এ মেলার সমাপনী ও পুরষ্কার বিতরণ করা হয়। সমাপনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে পুরষ্কার তুলে দেন।

এ সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। মেলায় মাধ্যমিক পর্যায়ে ও কলেজ পর্যায়ে ২৫টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের তত্ত্বাবধানে ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এ মেলা অনুষ্ঠিত হয়।

সমাপনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন বলেন, আমি আশাবাদী, আমাদের তরুণ প্রজন্ম সঠিকভাবে এগোচ্ছে। পৃথিবীর সকল উন্নত জাতি শিক্ষিত। এখন প্রযুক্তির যুগ। বিজ্ঞানের যুগ। এখন অ্যাডভান্স টেকনোলজি ব্যবহার হবে। বিজ্ঞান এবং প্রযুক্তি জীবনের জন্য গুরুত্বপূর্ণ। তথ্য প্রযুক্তির যুগে সবকিছুই হাতের মুঠোয়। মোবাইলে অনেকে আসক্ত হয়ে গেছে। কেউ কেউ মোবাইলে বাইরের দেশের ভাষা শিখছে। আবার

হোসেন,জেলা প্রশাসনের নেজারাত ডেপুটি কালেক্টর সাইফুল ইসলাম সাইফ,সহকারী কমিশনার নাইমা জাহান সুমাইয়া, সহকারী কমিশনার আব্দুর রহমান সহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক এবং শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

জীবননগরে অগ্নিসংযোগের মূল আসামীসহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গার জীবননগর থানাধীন বাসস্ট্যান্ড সংলগ্ন কাঠপট্টিতে গতকাল ১৫ মে রাত একটার সময় আকস্মিক আগুন লাগে। আগুন লাগার সংবাদ পেয়ে জীবননগর ফায়ার সার্ভিস দ্রুত ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রনে আনতে না পারলে পরবর্তীতে দর্শনা ফায়ার সার্ভিস ও মহেশপুর ফায়ার সার্ভিস ও জীবননগর থানা টহল পুলিশের যৌথ প্রচেষ্টায় আনুমানিক ৩ ঘন্টা চেষ্টার পর আগুন নিয়ন্ত্রনে আসে।

ভয়াবহ অগ্নিকান্ডে ০৬ (ছয়)টি ছোট বড় কাঠের ফার্নিচারের দোকান পুড়ে যায়। উক্ত অগ্নিকান্ডের ঘটনায় ক্ষতির পরিমান আনুমানিক ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। বর্ণিত ঘটনার বিষয়ে জীবননগর থানায় এসে বাদী মোঃ শহিদ(৪০), পিতা-মৃত ওসমান গণি,সাং-বাঁকা আশতলাপাড়া,থানা-জীবননগর, জেলা-চুয়াডাঙ্গার কর্তৃক দায়েরকৃত অভিযোগের প্রেক্ষিতে জীবননগর থানায় আজ বৃহস্পতিবার মামলা নং-০৮ ধারা-৪৩৬ পেনাল কোড রুজু করা হয়।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা ঘটনার সাথে জড়িত প্রকৃত আসামী গ্রেফতারের জন্য কিছু কৌশল জীবননগর থানার অফিসারদের নির্দেশনা অবলম্বনের পরামর্শ দেন।জীবননগর থানার অফিসার ইনচার্জের নেতৃত্বে পুলিশ পরিদর্শক (তদন্ত) মোঃ একরামুল হোসাইন, এসআই(নিঃ) দিপু মন্ডল সহ জীবননগর থানা পুলিশের চৌকস টিম ঘটনার পরপরই জীবননগর পৌরসভা বাজারস্থ বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকার সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ পূর্বক ফুটেজ পর্যালোচনা করতঃ ঘটনার সাথে জড়িত আসামী গ্রেফতারের জন্য জীবননগর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করেন।

সিসি ফুটেজ পর্যালোচনা ও গোপন সংবাদের ভিত্তিতে আজ বৃহস্পতিবার সকাল এগারোটার সময় জীবননগর থানাধীন শিয়ালমারী পশুহাট এলাকায় অভিযান পরিচালনা করে ঘটনার সাথে জড়িত আসামী ১। সোনা মিয়া (২৫), পিতা-মোঃ রমজান আলী, সাং-একতারপুর, ২। মোঃ শামীম হোসেন (২৯) পিতা-মোঃ খেজমত আলী, সাং-বসতীপাড়া, উভয় থানা-জীবননগর, জেলা- চুয়াডাঙ্গাদ্বয়কে সনাক্ত পূর্বক গ্রেফতার করেন।আসামীদের ঘটনার বিষয়ে জিজ্ঞাসাবাদ করলে তারা ঘটনার বিষয়ে জড়িত মর্মে স্বীকার করে। অগ্নিকান্ডের ঘটনায় ব্যবহৃত ১নং আসামীর একটি হিরো-১০০ সিসির মোটরসাইকেল উদ্ধার পূর্বক জব্দ করা হয়।

চুয়াডাঙ্গায় পেট্রোল পাম্প মালিকদের সাথে পুলিশ সুপারের মতবিনিময় সভা

সড়কে শৃঙ্খলা ফেরাতে অনাকাঙ্ক্ষিত মৃত্যু এড়াতে চুয়াডাঙ্গায় নো হেলমেট নো ফুয়েল’নীতি কার্যকর করতে জেলার পেট্রোল পাম্প মালিকদের সাথে পুলিশ সুপারের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে আজ বিকাল তিনটার সময় জেলার পেট্রোল পাম্প মালিক এবং মালিক সমিতির কার্যনির্বাহী কমিটি সদস্যবৃন্দের সাথে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উক্ত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা।

মতবিনিময় সভায় সড়কে শৃঙ্খলা ফেরাতে এবং সড়ক দূর্ঘটনা প্রতিরোধ মোটরসাইকেল চালক ও আরোহীর হেলমেট ব্যবহার না করলে (No Helmet, No Fuel) কোনো পাম্প থেকে তেল না দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সড়ক দুর্ঘটনায় “অনাকাঙ্খিত মৃত্যু” এড়াতে আদরের সন্তান ভাইয়ের

সড়ক দুর্ঘটনা রোধে মোটর সাইকেল চালানোর সময় হেলমেট ব্যবহার করতে অভিভাবকদের উদ্যোগী হওয়ার পরামর্শ প্রদান করেন।পরিশেষে, তিনি জেলার সকল পেট্রোল পাম্প মালিকদের ‘নো হেলমেট, নো ফুয়েল’নীতি কার্যকর করতে ঐক্যবদ্ধ সহযোগীতা কামনা করেন।

উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ, সকল অফিসার ইনচার্জগন,ডিআইও-১, ডিএসবি এবং বাংলাদেশ জ্বালানী তেল ও ট্রাংকলরী মালিক সমিতি চুয়াডাঙ্গা শাখার সভাপতি হাবিল হোসেন জোয়ার্দ্দার (স্বত্বাধিকারী মেসার্স ইমরান ফিলিং স্টেশন) সেক্রেটারী এমএম তাছলিম আরিফ বাবু জোয়ার্দ্দার(স্বত্বাধিকারী চুয়াডাঙ্গা ফিলিং স্টেশন) সিনিয়র সহ-সভাপতি মাসুদুর রহমান শ্যামল (স্বত্বাধিকারী জীবননগর ফিলিং স্টেশন) সহ-সভাপতি জনাব হাসিবুর রহমান (স্বত্বাধিকারী সীমান্ত পেট্রোলিয়াম) সহ জেলার বিভিন্ন পাম্পের মালিক পক্ষগণ ও তাদের প্রতিনিধিগণ।

চুয়াডাঙ্গায় দুইদিন ব্যাপি বিজ্ঞান মেলা উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর তত্ত্বাবধানে “বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি” প্রতিপাদ্য ডিসি সাহিত্য মঞ্চে দুইদিন ব্যাপি চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্কুল, কলেজের ক্ষুদে বিজ্ঞানীদের অংশগ্রহণে ২৫টি স্টলে বিজ্ঞানের বিভিন্ন প্রযুক্তি প্রদর্শনীর মধ্যদিয়ে আজ সকাল সাড়ে নয়টার সময় ৪৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা শুভ উদ্বোধন হয়েছে।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

৪৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা শুভ

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন বিজ্ঞান মেলার উদ্দেশ্য কোমলমতি শিক্ষার্থীদের বিজ্ঞান মনস্ক গড়ে তোলা এবং মানুষের মাঝে বিজ্ঞানের কল্যাণ-অকল্যান সম্পর্কে ধারণা দেওয়া। পরিশেষে, স্মার্ট বাংলাদেশ বিনির্মানে শিক্ষার্থী খুদে বিজ্ঞানীরাই ভবিষ্যতের কাণ্ডারী হিসেবে এ দায়িত্ব পালন করবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন তারা।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা। এ সময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা উপজেলা প্রশাসনের কর্মকর্তা সহ বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা।

আলমডাঙ্গায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে নারীর মৃত্যু

আলমডাঙ্গার মুন্সিগঞ্জে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মধুমালা (৪৫) নামের এক নারী নিহত হয়েছেন।

আজ মঙ্গলবার (১৪ মে) বেলা দেড়টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসারত অবস্থায় তিনি মারা যান।
নিহত মধুমালা আলমডাঙ্গা উপজেলার বারাদি ইউনিয়নের কাটাভাঙ্গা গ্রামের বাবুল আক্তারের স্ত্রী।

এর আগে সকাল অনুমানিক সকাল সাড়ে ৭টার দিকে আলমডাঙ্গার মুন্সিগঞ্জের সোনাতনপুর সড়কে এ দূর্ঘটনা ঘটে।

পুলিশ সুত্রে জানা গেছে, সকালে স্ত্রীকে নিয়ে মোটরসাইকেলে যাওয়ার পথে একটি ট্রাক ওভারটেক করতে যায়। এসময় ট্রাকের পিছনে বেধে মোটরসাইকেল থেকে ছিটকে ট্রাকের চাকায় মধুমালার একটি পাঁ পিষ্ট হয়। পরে স্থানীয়দের সহযোগীতায় তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করলে চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য রাজশাহী

মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। পরে দুপুর আনুমানিক দেড়টার দিকে তিনি চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়োজিত সদর থানা পুলিশের সহকারি উপ-পরিদর্শক (এএসআই) জান্নাত উজ্জ্বল রেডিও চুয়াডাঙ্গাকে এ তথ্য নিশ্চিত করেছেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের অপরাধ পর্যালোচনা সভায় উপজেলা পরিষদ নির্বাচন ডিউটি সুষ্ঠুভাবে পালন ও ভালো কাজের স্বীকৃতিস্বরূপ ২৯ (উনত্রিশ) জন চৌকস পুলিশ সদস্যকে ক্রেস্ট, সার্টিফিকেট ও অর্থ পুরস্কার প্রদান করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে পুলিশ সুপারের কার্যালয় সম্মেলন কক্ষে আজ মঙ্গলবার সকাল এগারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের সভাপতিত্বে মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সদ্য সমাপ্ত উপজেলা পরিষদ নির্বাচনে অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করার জন্য বিশেষ কাজের স্বীকৃতি স্বরুপ অতিরিক্ত পুলিশ সুপার(ক্রাইম এন্ড অপস্) নাজিম উদ্দীন আল আজাদ, সহকারি পুলিশ সুপার(দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, পুলিশ পরিদর্শক মোঃ সাইফুল ইসলাম, এসআই মোঃ ফারুক হোসেন, উভয় ডিএসবি এসআই পলাশ পারভেজ, তিতুদহ পুলিশ ক্যাম্প, এএসআই ফিরোজ হোসেন, জীবননগর থানা, কনস্টেবল ইমন খান, মোঃ মিঠুন হাসান, সেলিম হাসান, রাসেল রানা, সর্ব ডিএসবি এবং কনস্টেবল নাঈম হাসান, পুলিশ অফিস, চুয়াডাঙ্গাসহ মোট ১১(এগারো) জন চৌকস পুলিশ সদস্যকে পুলিশ সুপার ক্রেস্ট, সার্টিফিকেট ও নগদ অর্থ পুরস্কার প্রদান করেন।

বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠত্ব অর্জন করায় এবং দাপ্তরিক কার্যবলী সুষ্ঠুভাবে সম্পন্ন করায় মার্চ-এপ্রিল মাসে ভালকাজের

স্বীকৃতি স্বরূপ শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ চুয়াডাঙ্গা সদর থানা সেকেন্দার আলী,শ্রেষ্ঠ এসআই(থানা পর্যায়ে) এসএম রায়হান, জীবননগর থানা এবং মোঃ মেফাউল হাসান; শ্রেষ্ঠ এএসআই থানা পর্যায়ে মোঃ শাহীন সরদার, দর্শনা থানা এবং মোঃ রওশন আলী, আলমডাঙ্গা থানা; শ্রেষ্ঠ এসআই(ফাঁড়ী/ক্যাম্প পর্যায়ে)/মোঃ হারুন অর রশিদ এবং মোঃ তারিফুজ্জামান; শ্রেষ্ঠ এএসআই (ফাঁড়ী/ক্যাম্প পর্যায়ে)/মোঃ সাব্বির হোসেন, পাইকপাড়া পুলিশ ক্যাম্প, আলমডাঙ্গা থানা এবং মোঃ সাইদুর রহমান, কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প; সর্বোচ্চ সাজা ওয়ারেন্ট নিস্পত্তি এএসআই/ মোঃ জহিরুল ইসলাম, জীবননগর থানা; শ্রেষ্ঠ সার্জেন্ট/মোঃ নবাব আলী এবং টিএসআই/ মোঃ মোমিনুর রহমান, সদর ট্রাফিক; বিশেষ পারফরম্যান্স (হারানো মোবাইল ও বিকাশের টাকা উদ্ধার) এসআই/ মোঃ সাজ্জাদ হোসেন এবং এএসআই/ মোঃ রজিবুল হক, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল; বিশেষ পুরস্কারঃ এসআই/মুহিদ হাসান, ডিবি; মোঃ রইচ উদ্দিন শরিফ,ডিএসবি; এএসআই/মোঃ রুবেল ইসলাম, বিভাগীয় ভান্ডার, পরিছন্নতাকর্মী/ শ্রী আকাশ বাঁশফোড়, পুলিশ সুপারের কার্যালয়, চুয়াডাঙ্গাসহ সর্বমোট ২৯(উনত্রিশ) জন চৌকস পুলিশ সদস্যকে পুলিশ সুপার ক্রেস্ট, সার্টিফিকেট ও নগদ অর্থ পুরস্কার প্রদান করেন।

উক্ত অপরাধ পর্যালোচনা সভায় অপরাধ পরিসংখ্যান পর্যালোচনা, মামলা নিষ্পত্তি, নিয়মিত মামলায় আসামি গ্রেফতার, ওয়ারেন্ট তামিল, রাত্রিকালীন ডিউটি, হোন্ডা মোবাইল, জাল টাকা/অজ্ঞানপার্টি/মলমপার্টি চক্র গ্রেফতার, অবৈধ অস্ত্র-গুলি, মাদকদ্রব্য ও চোরাচালান পণ্য উদ্ধার, ভাড়াটিয়া তথ্যফরম পূরণ, আইন-শৃঙ্খলা রক্ষাসহ যেকোনো অপ্রীতিকর ঘটনা/গুজব রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। আগামী ২১ মে চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা থানায় উপজেলা নির্বাচন উপলক্ষে পুলিশী টহল বৃদ্ধিসহ অপ্রীতিকর ঘটনা প্রতিরোধে গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে আলোচনা হয়। পরিশেষে, পুলিশ সুপার সকল অফিসার ও ফোর্সের উপর অর্পিত দায়িত্ব পেশাদারিত্বের সাথে যথাযথভাবে পালনের আহ্বান জানান।